# উপজেলা পরিষদ

কোম্পানীগঞ্জ, নোয়াখালী।

**নোয়াখালী জেলার কোম্পানীগঞ্জ উপজেলার অক্টোবর/২০২৩ মাসের উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী।**

সভাপতি ঃ জনাব মোহাম্মদ শাহাব উদ্দিন
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কোম্পানীগঞ্জ, নোয়াখালী

সভার স্থান ঃ উপজেলা পরিষদ মিলনায়তন।

তারিখ ও সময় ঃ ২৯-১০-২০২৩খ্রিঃ, বেলা ১২:০০ টা।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা : পরিশিষ্ট "ক"

সভার প্রারম্ভে উপজেলা পরিষদ চেয়ারম্যান ও সভাপতি সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি উপজেলা নির্বাহী অফিসারকে সভার কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করেন। সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হলে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। এরপর বিভাগওয়ারী নিম্নোক্ত আলোচনাপূর্বক সিদ্ধান্ত গৃহীত হয়।

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ১। **উপজেলা স্বাস্থ্য বিভাগ** ঃ উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, গত ৭-১৪ অক্টোবর কোম্পানীগঞ্জে ৫-১৬ বছর বয়সী ৭৭,৬০০ জন শিশুকে কৃমিনাশক ট্যাবলেট খাওয়ানো হয়েছে। এছাড়া বর্তমানে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে বিষাক্ত সাপের এন্টিস্নেক ভেনম সরাবরাহ করা হয়েছে এবং তার বিভাগের সকল বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| ২। **উপজেলা কৃষি বিভাগ** ঃ উপজেলা কৃষি কর্মকর্তা রবি/২০২৩-২৪ মৌসুমে প্রণোদনা কর্মসূচীর আওতায় কৃষকদের মাঝে বিনামূল্যে সার ও বীজ সরবরাহের লক্ষ্যে অগ্রাধিকার ভিত্তিতে তালিকা তৈরিতে সহযোগিতার জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করেন। এছাড়া ৭০% ভর্তুকিতে কৃষিযন্ত্র সরবরাহের লক্ষ্যে আগ্রহী কৃষকের নিকট হতে আবেদন আহ্বান করেন এবং এ বিষয়ে জনপ্রতিনিধিসহ সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। এছাড়া তার বিভাগের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি অফিসার। |
| ৩। **উপজেলা প্রাণিসম্পদ বিভাগ** ঃ উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, এলডিডিপি এর আওতায় ক্ষুদ্র খামারীদের মাঝে গরু মোটাতাজাকরণ ও গবাদিপশু খাদ্য ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ এবং মাঠ পর্যায়ে ভেড়া ও ছাগলের ভ্যাকসিনেশন কার্যক্রম চলমান রয়েছে | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা। |
| ৪। **মৎস্য বিভাগ** ঃ উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, "মা ইলিশ সংরক্ষণ অভিযান-২০২৩" সঠিকভাবে পরিচালিত হচ্ছে। নিয়মিত নদীতে অভিযান চলছে। এছাড়া তার বিভাগের সকল বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | বিধি মোতাবেক বিভাগীয় কার্যক্রম চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা |
| ৫। **পরিবার পরিকল্পনা বিভাগ** ঃ উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের সকল বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প:প: কর্মকর্তা |
| ৬। **এলজিইডি ঃ**<br>(ক) উপজেলা প্রকৌশলী কর্তৃক মুছাপুর ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স ভবন মেরামত করার জন্য একটি প্রাক্কলন প্রস্তুত করা হয়। স্থানীয় সরকার বিভাগ কর্তৃক অনুমোদন সাপেক্ষে কার্যক্রম গ্রহন করার জন্য প্রস্তাব করেন।<br>(খ) উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, উপজেলা পরিষদের নতুন ভবনের ছাদ পরিষ্কার করা একান্ত প্রয়োজন বিধায় উপজেলা রাজস্ব তহবিলের অর্থায়নের বাস্তবায়নের জন্য প্রস্তাব করেন।<br>(গ) উপজেলা প্রকৌশলী উপজেলা পরিষদ কমপেক্সের (নতুন ভবন) ছাদ থেকে পাইপের মাধ্যমে ২য় তলা ও ৩য় তলার বিভিন্ন অংশে ড্যাম্প প্রতিরোধ প্রয়োজন বিধায় উপজেলা রাজস্ব তহবিলের অর্থায়নের বাস্তবায়নের জন্য প্রস্তাব করেন।<br>(ঘ) উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, বসুরহাট-বাংলা বাজার পাকা রাস্তার সহিত সংযুক্ত মরহুম আলী আহাম্মদ চেয়ারম্যানের বাড়ী হইতে উত্তর দিকে রাস্তাটি এখতার সরকার নামীয় রাস্তাটির নাম পরিবর্তন করে | (ক) বিস্তারিত আলোচনান্তে উপজেলা প্রকৌশলী কর্তৃক দাখিলকৃত প্রাক্কলনটি স্থানীয় সরকার বিভাগের নিদের্শনা মোতাবেক কার্যক্রম গ্রহন করার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(খ) উপজেলা পরিষদ কমপেক্সের (নতুন ভবন) ছাদ থেকে পাইপের মাধ্যমে ২য় তলা ও ৩য় তলার বিভিন্ন অংশে ড্যাম্প প্রতিরোধ প্রয়োজন বিধায় উপজেলা রাজস্ব তহবিলের অর্থায়নের বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(গ) বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের নতুন ভবন এর ছাদ পরিষ্কার করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করার জন্য উপজেলা প্রকৌশলীকে দায়িত্ব প্রদান করা হয় এবং | চেয়ারম্যান, উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার / উপজেলা প্রকৌশলী/ইউপি চেয়ারম্যান (সকল) |

| | | |
|---|---|---|
| বর্তমানে ছায়দল হক বীর মুক্তিযোদ্ধার, ৬নং রামপুর ইউনিয়ন,০৪নং ওয়ার্ড এর নামে অন্তর্ভূক্ত করণের জন্য আবেদন করেন। বর্তমানে রোড ইনভেনটরিতে রাস্তাটি মুক্তিযোদ্ধার নামে অন্তর্ভূক্ত করার কোন প্রকার সুযোগ না থাকায় অন্তর্ভূক্তি করা সম্ভব হচ্ছে না।<br>(ঙ) উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, মুছাপুর ইউনিয়নের হাজী আবদুল খালেক সড়কে (২নং ওয়ার্ড) অবস্থিত কালভার্টের স্লাব ভেঙ্গে যাওয়ার ফলে চলাচলের ব্যাঘাত হচ্ছে। জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে দ্রুত উপজেলা উন্নয়ন সহায়তা তহবিলের অর্থ দ্বারা মেরামত কাজ বাস্তবায়নের জন্য প্রস্তাব করা হয়। | দ্রুত বাস্তবায়ন করার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(ঘ) উক্ত সড়কটি মুক্তিযোদ্ধা বীর মুক্তিযোদ্ধা জনাব ছায়দল হক এর নামে নাম করনের জন্য মুক্তিয়োদ্ধ বিষয়ক/স্থানীয় সরকার মন্ত্রণালয়ে প্রেরণের জন্য সর্বম্মাতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(ঙ) মুছাপুর ইউনিয়নের হাজী আবদুল খালেক সড়কে (২নং ওয়ার্ড) অবস্থিত কালভার্টের স্লাব মেরামত কাজ দ্রুত বাস্তবায়নের জন্য সর্বসম্মতি ক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ৭। **উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগ ঃ** উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, যোগিদিয়া প: মোহাম্মদ নগর ও মধ্যপূর্ব চরহাজারী সরকারি প্রাথমিক বিদ্যালয়ের নির্মাণ কাজ বন্ধ রয়েছে। এছাড়া তার বিভাগের সকল বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | বিধি মোতাবেক বিভাগীয় কার্যক্রম চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা অফিসার, কোম্পানীগঞ্জ |
| ৮। **যুব উন্নয়ন বিভাগ ঃ** উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, উপজেলা যুব উন্নয়ন অফিস কর্তৃক পরিচালিত অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ কোর্সের ০৩টি ব্যাচে মোট ৯০জন যুবক-যুবতীদের চলতি মাসে প্রশিক্ষণ প্রদান করা হয়। ৭জন প্রশিক্ষণপ্রাপ্ত যুবদের মাঝে যুব ঋণ বিতরণের লক্ষ্যে মোট ৩,১০,০০০/- টাকা ধার্য্য করা হবে। এছাড়া তার বিভাগের সকল বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | বিধি মোতাবেক সকল বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| ৯। **মহিলা বিষয়ক অধিদপ্তর ঃ** উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা "জয়িতা অন্বেষণে বাংলাদেশ" কর্মসূচীর আওতায় ৫টি ক্যাটাগরিতে জয়িতাদের তালিকা আগামী ১২-১১-২০২৩ খ্রি: তারিখের মধ্যে প্রেরণের জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করেন। এছাড়া তিনি জনান তার বিভাগের সকল বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | বিধি মোতাবেক বিভাগীয় কার্যক্রম চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| ১০। **সমবায় বিভাগ ঃ** উপজেলা সমবায় কর্মকর্তা বলেন, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক আছে। আগামী ৪ নভেম্বর ২০২৩ তারিখে ৫২তম জাতীয় সমবায় দিবস উদ্‌যাপন করা হবে। এ উপলক্ষ্যে অত্র উপজেলায় আলোচনা সভার আয়োজন করা হবে। উক্ত আলোচনা সভায় সকলকে আমন্ত্রন জানান। এছাড়া আশ্রয়ন প্রকল্পের ঋণ আদায় কার্যক্রম চলমান আছে। | বিধি মোতাবেক বিভাগীয় কার্যক্রম চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা |
| ১১। **খাদ্য বিভাগ ঃ** উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান যে, খাদ্য মন্ত্রণালয়ের পরিপত্রের নির্দেশনা অনুযায়ী সারাদেশে টিসিবি কার্ডধারী ০১ কোটি পরিবারকে ভর্তুকিমূল্যে চলতি অক্টোবর/২৩ মাসসহ আগামী নভেম্বর/২৩ ও ডিসেম্বর/২৩ মাসে ও.এম.এস এর চাল বিতরণ করা হবে। প্রতি কেজি ৩০ টাকা দরে। সে মোতাবেক অক্টোবর/২৩ মাসে বরাদ্দকৃত চাল গুদাম হতে বিতরনার্থে উত্তোলন করা হয়েছে। এছাড়া তার বিভাগের সকল বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | বিধি মোতাবেক বিভাগীয় কার্যক্রম চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক |
| ১২। **উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ ঃ** উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, ২০২৪ শিক্ষাবর্ষের জন্য শিক্ষা প্রতিষ্ঠানসমূহের বিভিন্ন শ্রেণির চাহিদাকৃত বইয়ের মধ্যে ইবতেদায়ী শাখার ১ম, ৪র্থ ও ৫ম শ্রেণির সকল বই এসে পৌঁছেছে। স্কুল পর্যায়ে শুধু ৭ম শ্রেণির বিজ্ঞান (অনুসন্ধানী ও অনুশীলন) এবং ইতিহাস ও সামাজিক বিজ্ঞান বিষয় ব্যতীত অন্যান্য বই এসে পৌঁছেছে। এছাড়া ৮ম ও নবম শ্রেণিতে নতুন কারিকুলাম বাস্তবায়ন বিষয়ে উপজেলা পর্যায়ের মাস্টার ট্রেইনারদের প্রশিক্ষণ কার্যক্রম ২ থেকে ৮ নভেম্বর শুরু হবে। | বিধি মোতাবেক সকল বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা কোম্পানীগঞ্জ, নোয়াখালী |
| ১৩। **পরিসংখ্যান বিভাগ ঃ** উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা সভায় জানান যে, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো এর জনশুমারি ও গৃহগণনা ২০২২ প্রকল্প হতে অত্র উপজেলার ৩২টি মাধ্যমিক বিদ্যালয় ও ১৪টি মাদ্রাসার মেধাবী শিক্ষার্থীদের মাঝে ৩৬৪ টি ট্যাব উপজেলা প্রশাসনের মাধ্যমে সুষ্ঠভাবে বিতরন করা হয়েছে। এছাড়া তার বিভাগের সকল বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | বিধি মোতাবেক সকল বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিসংখ্যান অফিসার, কোম্পানীগঞ্জ |

| | | |
|---|---|---|
| ১৪। **তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর ঃ** উপজেলা সহকারী প্রোগ্রামার সভায় জানান যে, ইডিসি প্রকল্পের আওতায় সকল সরকারি দপ্তর, ইউনিয়ন পরিষদ হাসপাতাল, ইউনিয়ন পরিষদ এর তথ্য প্রকল্প দপ্তরে প্রেরণের কাজ চলমান রয়েছে। জাতীয় তথ্য বাতায়নের ওয়েব পোর্টাল হালনাগাদ কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া শেখ রাসেল ডিজিটাল ল্যাব (২য় পর্যায়) এর ৬০ জন শিক্ষকের প্রশিক্ষণ সনদ বিতরন সম্পন্ন হয়েছে। | বিধি মোতাবেক সকল বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী প্রোগ্রামার, কোম্পানীগঞ্জ, নোয়াখালী |
| ১৫। **বন বিভাগ ঃ** উপজেলা বন কর্মকর্তা সভায় জানান যে,<br>১। বসুরহাট-পেশকারহাট সড়কের পেশকারহাট রাস্তার মাথায় ১টি গাছ হেলে পড়ে যানবাহন চলাচলে অসুবিধা হচ্ছে আর ৪টি গাছ সড়কের পূর্বদিকে হেলে পড়ায় সড়কে ফাটল দেখা দিয়েছে। সড়ক বিভাগ গাছ কাটার জন্য বন বিভাগকে ফোন করে জানিয়েছে, উক্ত গাছগুলো কাটা প্রয়োজন।<br>২। ০৩নং চরহাজারী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আবুমাঝিরহাট সড়ক হতে বসুরহাট সড়ক অভিমুখে ৬-৭টি গাছ হেলে পড়ে রাস্তা ক্ষতিগ্রস্থ হচ্ছে বিধায় গাছগুলো কাটার অনুরোধ করেন।<br>৩। ২০২৩-২৪ অর্থবছরে সড়ক বনায়ন করা হবে। এক্ষেত্রে যদি কোন এলাকায় ফাঁকা রাস্তা থাকে তাহলে ইউপি চেয়ারম্যানগণকে জানানোর অনুরোধ করেন। এছাড়া তার বিভাগের সকল বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে।<br>৪। চরফকিরা ইউনিয়নের ২ কি.মি. সড়কে বনায়নের গাছ বিক্রয়ের পর উপকারভোগীদের অংশ ৫৫% মালিকানার ২৭ জনের মধ্যে নিম্নবর্ণিত ২ জন প্রবাসী হওয়ার কারণে তাদের আবেদন না পাওয়ায় তাদের লভ্যাংশের টাকা রাজস্ব হিসাবে জমা প্রদানের অনুমোদন পাওয়ার আবেদন জানান।<br>১। বেলায়েত হোসেন (লন্ডন প্রবাসী), পিতা- আবদুল হালিম<br>প্রাপ্য অর্থ- ১৩,৭৪২/-<br>২। আবুল হাসেম মিয়া (সৌদি আরব প্রবাসী), পিতা- আবু বক্কর ছিদ্দিক<br>প্রাপ্য অর্থ- ১৩৭৪২/-<br>সর্ব সাং- চরফকিরা, কোম্পানীগঞ্জ, নোয়াখালী। | বিধি মোতাবেক সকল বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা বন কর্মকর্তা |
| ১৬। **জনস্বাস্থ্য বিভাগ ঃ** উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় জানান যে, তার বিভাগের সকল বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) |
| ১৭। **ত্রাণ ও দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ ঃ** উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, ২০১৯-২০ অর্থবছরে সোলার প্রকল্পের জামানত ছাড় করা হবে। এছাড়া তার বিভাগের সকল বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | ২০১৯-২০ অর্থবছরে সোলার প্রকল্পের সকল চেয়ারম্যান থেকে প্রত্যয়ন পাওয়ায় জামানত ছাড় করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| ১৮। **সমাজসেবা বিভাগ:** উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের সকল বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, |
| ১৯। **বিদ্যুৎ বিভাগ:** আবাসিক প্রকৌশলী (বিদ্যুৎ) সভায় উপস্থিত না থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা যায়নি। | পরবর্তী সভায় উপস্থিত থেকে বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | আবাসিক প্রকৌশলী (বিদ্যুৎ) কোম্পানীগঞ্জ, নোয়াখালী। |
| ২০। **ডিজিএম (পল্লী বিদ্যুৎ) :** ডিজিএম (পল্লী বিদুৎ) পরবর্তী সভায় জানান যে, বর্তমানে চাহিদা অনুযায়ী বিদ্যুৎ সরবরাহ করা হচ্ছে। | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | ডিজিএম (পল্লী বিদুৎ), কোম্পানীগঞ্জ, নোয়াখালী। |
| ২১। **পল্লী উন্নয়ন অফিস ঃ** পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের সকল বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে । | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |
| ২২। **বিএডিসি বিভাগ ঃ** উপ-সহকারী প্রকৌশলী, বিএডিসি (ক্ষুদ্র সেচ) সভায় জানান যে, তার বিভাগের সকল বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপ-সহকারী প্রকৌশলী, বিএডিসি (ক্ষুদ্র সেচ) |
| ২৩। **শিক্ষা প্রকৌশল অধিদপ্তর:** উপ-সহকারী প্রকৌশলী (শিক্ষা), কোম্পানীগঞ্জ, নোয়াখালী সভায় জানান যে, তার বিভাগের সকল বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপ-সহকারী প্রকৌশলী (শিক্ষা) |
| ২৪। **তথ্য কেন্দ্র :** তথ্য সেবা কর্মকর্তা (তথ্য কেন্দ্র) সভায় জানান যে, তথ্যকেন্দ্রের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | তথ্য সেবা কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, |
| ২৫। চেয়ারম্যান, ০৩ নং চরহাজারী ইউনিয়ন পরিষদ, কোম্পানীগঞ্জ, নোয়াখালী মৎস্যকার্ডধারী প্রকৃত জেলেদের নির্বাচন করে কার্ড সরবরাহ | সংশ্লিষ্ট বিভাগকে উক্ত সমস্যা সমাধানের বিষয়ে অনুরোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল |

| | | |
|---|---|---|
| করার জন্য অনুরোধ করেন। চরহাজারী ইউনিয়নে একটি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষার্থীর সংখ্যা কমে যাওয়া প্রতিরোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন। এছাড়া তিনি বলেন খাদ্য অফিসের মাধ্যমে যে সকল চাল দেয়া হয় সেগুলোর বস্তায় ওজনে কম থাকে। | | |
| ২৬। চেয়ারম্যান, ০৪নং চরকাঁকড়া ইউনিয়ন পরিষদ, কোম্পানীগঞ্জ নোয়াখালী বলেন, বর্তমান সরকার উন্নয়ন করছে আর প্রতিপক্ষ সেগুলো ধ্বংস করছে এ বিষয়ে সকলকে সহযোগিতা করার আহ্বান জানান। | - | সংশ্লিষ্ট সকল |
| ২৭। চেয়ারম্যান, ০৮ নং চরএলাহী ইউপি, কোম্পানীগঞ্জ, নোয়াখালীর প্রতিনিধি বলেন, চরএলাহী ইউনিয়নে একটি ইউনিয়ন ভূমি অফিস রয়েছে। কিন্তু সেখানে কোন সরকারি কর্মকর্তা/কর্মচারী নিয়োগ না দেয়াতে তার ইউনিয়নের মানুষ ভূমি সংক্রান্ত সেবা থেকে বঞ্চিত হচ্ছে। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন। | সংশ্লিষ্ট বিভাগকে উক্ত সমস্যা সমাধানের বিষয়ে অনুরোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল |
| ২৮। উপজেলা পরিষদ বিবিধ :<br>(ক) উপজেলা পরিষদের চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যানের সম্মানী ভাতা, আপ্যায়ন ব্যয়, আনুষঙ্গিক ব্যয়, উপজেলা পরিষদের ইন্টারনেট বিল, উপজেলা পরিষদের বিদুৎ বিল, সুইপার, মালির ও নিরাপত্তা কর্মীর মজুরী, পত্রিকার বিল উপজেলা পরিষদ কর্মচারীদের সিপিএফ ফান্ডে অর্থ জমা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সভায় উপস্থাপন করা হয়।<br>(খ) অদ্যবধি ২০২৩-২৪ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) ও উপজেলা উন্নয়ন তহবিলের অর্থায়নে বাস্তবায়নের জন্য অগ্রাধিকার ভিত্তিতে স্কীমের তালিকা পাওয়া না যাওয়ায় দুঃখ প্রকাশ করা হয়। এ বিষয়ে উপজেলা পরিষদের (কার্যক্রম বাস্তবায়ন) বিধিমালা, ২০১০ এর বিধি-১৯ মোতাবেক উপজেলা উন্নয়ন তহবিল সংক্রান্ত নথিপত্র উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে সংরক্ষণ ও ব্যবস্থাপনার বিষয়ে আলোচনা করা হয়।<br>(গ) উপজেলা পরিষদ মিলনায়তনে (নতুন ভবন) ও উপজেলা পরিষদ সেমিনার কক্ষে (নতুন ভবন) সরকারি গুরুত্বপূর্ণ বিভিন্ন সভা/সেমিনার চলাকালীন হঠাৎ করে বিদ্যুৎ বিভ্রাট দেখা দেয়। বিদ্যুৎ বিভ্রাট সমস্যা সমাধানে উপজেলা পরিষদ মিলনায়তনে (নতুন ভবন) ও উপজেলা পরিষদ সেমিনার কক্ষে (নতুন ভবন) সোলার প্যানেল স্থাপনের বিষয়ে আলোচনা করা হয়।<br>(ঘ) আসন্ন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনকে কেন্দ্র করে উপজেলা পরিষদ ক্যাম্পাসে অবস্থিত বিভিন্ন সরকারি দপ্তরে ভবন ও কর্মকর্তা/কর্মচারীদের আবাসিক ভবনের নিরাপত্তা নিশ্চিতকরণের লক্ষ্যে উপজেলা পরিষদের মূল গেইটের পাশের পকেট গেইট, উপজেলা পরিষদ পুরাতন ভবনের পশ্চিম পাশের গেইট এবং উপজেলা পরিষদ মিলনায়তনের (নতুন ভবন) পূর্ব দিকের বারান্দায় গেইট স্থাপনের বিষয়ে আলোচনা করা হয়।<br>(ঙ) উপজেলা পরিষদ কোর্ট ভবনের পিছনের মাটি কাটা ও চলাচল অনুপযোগী ঝুঁকিপূণ পথে দেয়াল নির্মাণ বাবদ মোট ৩৭১৫০/- (সাইত্রিশ হাজার একশত পঞ্চাশ) টাকার বিল দাখিল করা হয়। উক্ত অর্থ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের বিষয়ে আলোচনা করা হয়।<br>(চ) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে ব্যবহৃত ফটোকপি মেশিন দীর্ঘদিনের পুরাতন হওয়ায় প্রায় অকেজো হয়ে পড়ে। যার ফলে দাপ্তরিক চিঠিপত্র ফটোকপি করতে ব্যাঘাত সৃষ্টি হয়। দাপ্তরিক বিভিন্ন গোপনীয় চিঠিপত্র বাইরের দোকান থেকে ফটোকপি করাও সম্ভব হয় না। এছাড়াও আসন্ন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনী দাপ্তরিক কার্যক্রম সম্পাদনের জন্য উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের জন্য একটি এবং উপজেলা পরিষদ চেয়ারম্যান অফিসের জন্য একটি সচল/নতুন ফটোকপি মেশিন ক্রয় করা প্রয়োজন। | (ক) উপজেলা পরিষদের চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যানের সম্মানী ভাতা, আপ্যায়ন ব্যয়, আনুষঙ্গিক ব্যয়, উপজেলা পরিষদের ইন্টারনেট বিল, উপজেলা পরিষদের বিদুৎ বিল, সুইপার, মালির ও নিরাপত্তা কর্মীর মজুরী, পত্রিকার বিল উপজেলা পরিষদ কর্মচারীদের সিপিএফ ফান্ডে অর্থ জমা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(খ) উপজেলা পরিষদের (কার্যক্রম বাস্তবায়ন) বিধিমালা, ২০১০ এর বিধি-১৯ মোতাবেক উপজেলা উন্নয়ন তহবিল সংক্রান্ত নথিপত্র উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে সংরক্ষণ ও ব্যবস্থাপনার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(গ) উপজেলা পরিষদ মিলনায়তনে (নতুন ভবন) ও উপজেলা পরিষদ সেমিনার কক্ষে (নতুন ভবন) সোলার সিস্টেম বসানোর ব্যয় বিল উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(ঘ) উপজেলা পরিষদের মূল গেইটের পাশের পকেট গেইট, উপজেলা পরিষদ পুরাতন ভবনের পশ্চিম পাশের গেইট এবং উপজেলা পরিষদ মিলনায়তনের (নতুন ভবন) পূর্ব দিকের বারান্দায় গেইট স্থাপনের ব্যয় বিল উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(ঙ) উপজেলা পরিষদের নিরাপত্তা রক্ষার্থে কোর্ট ভবনের পিছনের মাটি কাটা ও চলাচল অনুপযোগী ঝুঁকিপূর্ণ পথে দেয়াল নির্মাণ বাবদ মোট ৩৭১৫০/- (সাইত্রিশ হাজার একশত পঞ্চাশ) টাকার বিল উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(চ) আর্থিক বিধি-বিধান অনুসরণপূর্বক | চেয়ারম্যান, উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার কোম্পানীগঞ্জ, নোয়াখালী |

| | | |
|---|---|---|
| (ছ) আসন্ন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে উপজেলা নির্বাচন অফিসের নিরাপত্তা নিশ্চিতকরণের জন্য উপজেলা নির্বাচন অফিসের সামনে একটি গেইট নির্মাণের বিষয়ে আলোচনা করা হয়।<br>(জ) উপজেলা পরিষদ চেয়ারম্যান অফিসে ব্যবহৃত কম্পিউটারটি অকেজো হয়ে যাওয়ায় দাপ্তরিক বিভিন্ন কার্য সম্পাদনের লক্ষ্যে উপজেলা পরিষদ চেয়ারম্যান অফিসের জন্য একটি নতুন কম্পিউটার ক্রয়ের বিষয়ে আলোচনা করা হয়। | উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অর্থায়নে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের জন্য একটি এবং উপজেলা চেয়ারম্যান অফিসের জন্য একটি নতুন ফটোকপি মেশিন ক্রয় করার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>(ছ) উপজেলা নির্বাচন অফিসের নিরাপত্তা নিশ্চিতকরণের জন্য উপজেলা নির্বাচন অফিসের সামনে একটি গেইট নির্মাণের ব্যয় বিল উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(জ) আর্থিক বিধি-বিধান অনুসরণপূর্বক উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অর্থায়নে উপজেলা পরিষদ চেয়ারম্যান অফিসের জন্য একটি নতুন কম্পিউটার ক্রয় করার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | |

কোম্পানীগঞ্জ উপজেলার শান্তি ও সমৃদ্ধির জন্য সবাইকে একসাথে কাজ করার আহবান জানানো হয়। ইউনিয়ন পরিষদের সকল চেয়ারম্যানকে উপজেলা পরিষদ সাধারণ সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করেন। সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোহাম্মদ শাহাব উদ্দিন)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
কোম্পানীগঞ্জ, নোয়াখালী।

স্মারক নম্বর ঃ ০৫.৪২.৭৫২১.০০০.০৬.০০১.২৩- ১৭৬৪

তারিখ ঃ ০৫ নভেম্বর ২০২৩

অনুলিপি ঃ সদয় জ্ঞাতার্থে / জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো-

০১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।

০৩। পরিচালক, স্থানীয় সরকার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।

০৪। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। [মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য]

০৫। জেলা প্রশাসক, নোয়াখালী।

০৬। উপপরিচালক, স্থানীয় সরকার, নোয়াখালী।

০৭। উপজেলা ....................................................... কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, নোয়াখালী।

০৮। চেয়ারম্যান, .............................................ইউনিয়ন পরিষদ, কোম্পানীগঞ্জ, নোয়াখালী

মো: মেজবা উল আলম ভূঁইয়া
উপজেলা নির্বাহী অফিসার
কোম্পানীগঞ্জ, নোয়াখালী।
ফোন ঃ ০২৩৩৪৪৯৪২০৪
E-mail: unocompaniganjnoakhali@mopa.gov.bd